

# 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩২৪৭

২৭/ আদব

পরিচ্ছেদঃ সালাম দেওয়ার পদ্ধতি

### আরবী

عَن عِمْرَانَ بِنِ الحُصَيِنِ رَضِيَ اللهُ عَنهُمَا، قَالَ: جَاءَ رَجُلٌ إِلَى النَّبِيِّ عَلَيْكُ فَقَالَ: السَّلاَمُ عَلَيْكُمْ، فَرَدَّ عَلَيْهِ ثُمَّ جَلَسَ، فَقَالَ النبيُّ عَلَيْكُمْ عَلَيْكُمْ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللهِ، فَرَدَّ عَلَيْهِ فَجَلَسَ، فَقَالَ عِشْرُونَ ثُمَّ جَاءَ آخَرُ فَقَالَ: السَّلاَمُ عَلَيْكُمْ وَرَحْمَةُ وَرَحْمَةُ اللهِ، فَرَدَّ عَلَيْهِ فَجَلَسَ، فَقَالَ عِشْرُونَ ثُمَّ جَاءَ آخَرُ فَقَالَ: السَّلاَمُ عَلَيْكُمْ وَرَحْمَةُ الله وَبَركَاتُهُ، فَرَدَّ عَلَيْهِ فَجَلَسَ فَقَالَ ثَلاثُونَ رواه أَبُو داود والترمذي وقال حديث حسن

#### বাংলা

প্রথমে যে সালাম দেবে তার এরূপ বলা (উচিত), 'আসসালামু আলাইকুম অরহমাতুল্লাহি অবারাকাতুহ'। এটা মুস্তাহাব। সে বহুবচন সর্বনাম ব্যবহার করবে; যদিও যাকে সালাম দেওয়া হয় সে একা হোক না কেন। আর সালামের উত্তরদাতা বলবে 'অআলাইকুমুস সালামু অরহমাতুল্লাহি অবারাকাতুহ, অর্থাৎ, সে শুরুতে সংযোজক অব্যয় 'অ' বা 'ওয়া' শব্দ ব্যবহার করবে।

(৩২৪৭) ইমরান ইবনে হুস্বাইন (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, একটি লোক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে এভাবে সালাম করল 'আসসালামু আলাইকুম' আর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জবাব দিলেন। অতঃপর লোকটি বসে গেলে তিনি বললেন, ওর জন্য দশটি নেকী। তারপর দ্বিতীয় ব্যক্তি এসে 'আসসালামু আলাইকুম অরহমাতুল্লাহ' বলে সালাম পেশ করল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সালামের উত্তর দিলেন এবং লোকটি বসলে তিনি বললেন, ওর জন্য বিশটি নেকী। তারপর আর একজন এসে 'আসসালামু আলাইকুম অরহমাতুল্লাহি অবারাকাতুহ' বলে সালাম দিল। তিনি তার জবাব দিলেন। অতঃপর সে বসলে তিনি বললেন, ওর জন্য বিশটি নেকী।

## ফটনোট

(আহমাদ ১৯৪৪৬, তিরমিয়ী ২৬৮৯, সহীহ আবু দাউদ ৪৩২৭, দারেমী ২৬৪০)



### হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন